

নং-৪৬.৪২.৩০০০.০০০.১৪.০৪৫.১৫. ১১৫৫

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ  
২৪ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে ফেনী জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ ফেনী জেলা পরিষদের স্মারক নং-জেপফে/প্রকৌঃ/বিবিধ/৬(৮)/২০১৬-১৭-৯৭, তারিখঃ ২৪/৪/২০১৭।

২০১৬-২০১৭ অর্থ বছরে ফেনী জেলা পরিষদের এডিপি থেকে বরাদ্দের বিভাজন অনুযায়ী সাধারণ বরাদ্দ উপখাতের আওতায় ২,৬২,৫০,০০০/- (দুই কোটি বাষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ১৫৮টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, ফেনী কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮ এর এসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) ঝেততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ ফেনী এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে;

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ফেনী।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, ফেনী।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।